গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা ২শাখা
www.mora.gov.bd

বিষয় : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত এডিপিভুক্ত প্রকল্পসমূহের এপ্রিল ২০১৮ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: আনিছুর রহমান, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

সময় ও তারিখ: ৩০/০৫/২০১৮ খ্রিঃ, সকাল- ১০:৩০ ঘটিকা।

স্থান : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নম্বর-১৫১৫, ভবন নম্বর-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

সভাপতি তাঁর সূচনা বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবহিত করা হয় যে,ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মার্চ ২০১৮ মাসের প্রকল্প পর্যালোচনা সভা ৩০/০৪/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী ১৪/০৫/২০১৮ তারিখে জারি করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন আপত্তি না থাকায় তা সভায় দৃঢ়ীকরণ করা হয়। সভাকে আরো অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত এডিপিতে ০৫টি অনুমোদিত, ০৬টি নতুন অনুমোদিত এবং ০৮টি অননুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে এডিপিতে বরাদ্দ রয়েছে ৩৩৩২৭.০০ লক্ষ টাকা। সংশোধিত এডিপিতে বরাদ্দ প্রদান করা হয়েছে ৭৪২৯০.০০ লক্ষ টাকা। এপ্রিল, ২০১৮ পর্যন্ত অবমুক্ত হয়েছে ৬২৭৯৮.৫০ লক্ষ টাকা (৮৪.৫৩%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ৫০২১২.৩২ লক্ষ টাকা (৬৭.৫৮%)।

০২। আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
২.১	আলোচনার শুরুতেই সভাপতি উল্লেখ করেন যে, অত্র মন্ত্রণালয়ের প্রকল্পের কলেবর বৃদ্ধি পাওয়ায় কিংবা প্রকল্প পরিচালকদের অনভিজ্ঞতার কারণে প্রকল্পের জনবল নিয়োগে যথাযথ পদ্ধতি অনুসরণ করা হচ্ছে না। তিনি উল্লেখ করেন যে, নিজস্ব মন্ত্রণালয় বহির্ভূত সরকারি কর্মকর্তাকে প্রেষণে পদায়নের বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয় করে থাকে এবং মন্ত্রণালয়ের বিভিন্ন কর্মকর্তা অথবা এর আওতাধীন সংস্থার বিভিন্ন কর্মকর্তার প্রেষণে পুর্ণাঙ্গ অথবা অতিরিক্ত দায়িত্ব প্রদানের ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হয়। তিনি আরও উল্লেখ করেন যে, জনবল সরাসরি নিয়োগের ক্ষেত্রে গ্রেড-১০ এবং তদুর্ধ্ব পর্যন্ত সরকারের বাছাই কমিটি-১ এর অনুমোদনক্রমে নিয়োগ প্রদান করতে হবে। এ কমিটির সভাপতি মন্ত্রণালয়ের সচিব এবং সদস্য-সচিব প্রকল্প পরিচালক। পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ হতে শুরু করে লিখিত পরীক্ষা,ব্যবহারিক পরীক্ষা, মৌখিক পরীক্ষা গ্রহণ এবং নিয়োগের চূড়ান্ত অনুমোদন প্রদান সকল ক্ষেত্রে কমিটির সম্মতি গ্রহণ অবশ্য পালনীয়। গ্রেড ১০ এর নীচের সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রকল্প পরিচালক বাছাই কমিটি-২ এর অনুমোদনক্রমে নিয়োগ প্রদান করতে পারেন।	ক) মন্ত্রণালয়ের কর্মকর্তা অথবা এর আওতাধীন সংস্থার কর্মকর্তাকে প্রকল্পে প্রেষণে পুর্ণাঙ্গ অথবা অতিরিক্ত দায়িত্ব প্রদানের ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হবে। প্রকল্পের জনবল সরাসরি নিয়োগের ক্ষেত্রে গ্রেড-১০ এবং তদুর্ধ্ব পর্যন্ত ডিপিপিতে উল্লেখিত বাছাই কমিটি-১ এর অনুমোদনক্রমে নিয়োগ প্রদান করতে হবে। গ্রেড ১০ এর নীচে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রকল্প পরিচালক বাছাই কমিটি-২ এর অনুমোদনক্রমে নিয়োগ প্রদান করবেন।	ক) সকল সংস্থা প্রধান এবং সকল প্রকল্প পরিচালক
	সভাপতি মহোদয় আরও উল্লেখ করেন যে, মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন প্রকল্প কোন সংস্থার উন্নয়ন প্রকল্প নয়। এগুলো সরকারের উন্নয়ন প্রকল্প। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রতার প্রেক্ষিতে কিংবা অডিট অবজেকশনের জবাবদিহিতা মূলত মন্ত্রণালয়কেই করতে	খ) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে প্রকল্প পরিচালক তাঁর ক্ষমতা অনুযায়ী প্রয়োজনে সরাসরি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করবেন। এছাড়া, প্রকল্প পরিচালক তাঁর প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ডিপিপি'তে উল্লেখিত বিভিন্ন শর্তাবলী, অর্থ	খ) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও সকল প্রকল্প পরিচালক

	হয়। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সকল পত্র সংস্থা প্রধানের দপ্তর হয়ে মন্ত্রণালয়ে প্রেরণের কারণে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমে দীর্ঘসূত্রতার সৃষ্টি হচ্ছে। এছাড়া আরও লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন কমিটি গঠনের ক্ষেত্রে ডিপিপিতে উল্লেখিত নির্দেশনা অনুসরণ করা হচ্ছে না কিংবা ডিপিপি বর্হিভূত কমিটি গঠন করা হচ্ছে। উল্লেখ্য, মন্ত্রণালয়ের উদ্যোগে বাস্তবায়নাধীন সকল প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতির ভিত্তিতেই পরবর্তী বছরের Development বাজেট প্রণয়ন করা হয়। এ প্রেক্ষিতে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে প্রকল্প পরিচালক তাঁর ক্ষমতা অনুযায়ী প্রয়োজনে সরাসরি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে পারেন। এছাড়া, প্রকল্প পরিচালক তাঁর প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ডিপিপি'তে উল্লেখিত বিভিন্ন শর্তাবলী, অর্থ বিভাগের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা, পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা এবং আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত বিধিমালা অনুসরণপূর্বক বিভিন্ন কার্যক্রম গ্রহণে সচেষ্ট থাকবেন।	বিভাগের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিক, পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা এবং আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত বিধিমালা অনুসরণপূর্বক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করবেন।	
	সভায় আরও উল্লেখ করা হয় যে, মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় সংস্থার প্রধানসহ প্রকল্প পরিচালকগণ পূর্ব অনুমতি ব্যতিরেকে কখনও কখনও অনুপস্থিত থাকেন, যা মাসিক পর্যালোচনা সভার উদ্দেশ্য এবং লক্ষ্যের পরিপন্থি। মাসিক পর্যালোচনা সভায় আমন্ত্রিত সদস্যগণের সভায় অনুপস্থিতির ক্ষেত্রে পূর্বানুমতি গ্রহণ বঞ্চনীয়।	গ) এডিপিভুক্ত প্রকল্পসমূহের মাসিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় আমন্ত্রিত সদস্যগণ সভায় অনুপস্থিতির ক্ষেত্রে পূর্বানুমতি গ্রহণ করবেন।	গ) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, সচিব, খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও সকল প্রকল্প পরিচালক
২.২	<u>মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প</u> সভায় আলোচনা করা হয় যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের 'দারুল আরকাম ইবতেদায়ী' মাদ্রাসার সাধারণ নেসাবের শিক্ষক দ্রুত নিয়োগের কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া, কোন্ কোন্ অঞ্চলে শিক্ষা কর্যক্রম শুরু হয়েছে, কতজন শিক্ষক নিয়োগ করা হয়েছে, ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ইত্যাদি বিষয়ে ৪৫% তথ্য ইতোমধ্যে পাওয়া গেছে। অবশিষ্ট যাচিত তথ্য পাওয়ার পর পূর্ণাঙ্গ স্ট্যাটাস রিপোর্ট প্রদান করা হবে।	ক) মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় 'দারুল আরকাম ইবতেদায়ী' মাদ্রাসার সাধারণ নেসাবের শিক্ষক নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। এছাড়া, কোন্ কোন্ অঞ্চলে শিক্ষা কর্যক্রম শুরু হয়েছে, কতজন শিক্ষক নিয়োগ করা হয়েছে, ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ইত্যাদি বিষয়ে পূর্ণাঙ্গ স্ট্যাটাস রিপোর্ট প্রদান করতে হবে।	ক) প্রকল্প পরিচালক
	সভায় আরও উল্লেখ করা হয়েছে যে, পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ, পঞ্চম শ্রেণি সমাপ্ত হওয়ার পর পরবর্তী শিক্ষা ইত্যাদি বিষয়ে একটি ব্রেইনস্টরমিং সেশন খুব শীঘ্রই আয়োজন এবং রমজান মাস পরবর্তী একটি দিনব্যাপী ওয়ার্কশপ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এছাড়া, সভায় জানানো হয় যে, শিক্ষাকেন্দ্র	খ) শিক্ষার্থীদের পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ, পঞ্চম শ্রেণি সমাপ্ত হওয়ার পর কোথায় ভর্তি হবে এ সকল বিষয়ে আলোচনার জন্য সংশ্লিষ্ট সকলকে নিয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে জরুরিভিত্তিতে একটি ব্রেইনস্টরমিং সেশনের আয়োজন করতে	খ) প্রকল্প পরিচালক

	সমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সম্বলিত ডাটা-বেইজ প্রস্তুতের কাজ চলমান আছে এবং ইতোমধ্যে প্রায় ১৪ লক্ষ ডাটা ইনপুট হিসেবে দেওয়া হয়েছে।	হবে এবং রমজান মাস পরবর্তী একটি দিনব্যাপী ওয়ার্কশপ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। গ) শিক্ষাকেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সম্বলিত ডাটা-বেইজ প্রস্তুতের কাজ চলমান রাখতে হবে।	গ) প্রকল্প পরিচালক
২.৩	**ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প** সভায় প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতায় চলতি অর্থবছরে প্রাপ্ত অর্থের মধ্যে ইতোমধ্যে ৭০% অর্থ ব্যয় করা হয়েছে এবং যে সকল পুস্তকের অধিক চাহিদা রয়েছে সে সকল পুস্তক অধিক হারে পুন:মুদ্রণ করা হচ্ছে। যেমন- মা'আরফুল কোরআন ৬ খন্ড, তাফসির ইবনে কাছির ৭ খন্ড প্রকাশ করা হয়েছে।	প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী পুস্তক প্রকাশনা কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং যে সকল পুস্তকের অধিক চাহিদা রয়েছে সে সকল পুস্তক প্রকাশের কর্যক্রম চলমান রাখতে হবে।	প্রকল্প পরিচালক
২.৪	**ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প** সভায় প্রকল্প পরিচালক জানান যে, পুস্তক স্ক্যানিং, ডাটা বেইজ ও সফটওয়্যার তৈরির কার্যক্রম চলমান আছে। সভায় আলোচনা হয় যে, পুস্তক স্ক্যানিং ডাটাবেইজ ও সফটওয়্যার তৈরির কার্যক্রম ডিপিপিতে বর্ণিত নির্দেশনা অনুযায়ী করতে হবে। এছাড়া, এ বিষয়ে বিস্তারিত পর্যালোচনা এবং প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে খুব শীঘ্রই স্টিয়ারিং কমিটির সভা আহবানের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়।	ডিপিপি অনুযায়ী পুস্তক স্ক্যানিং, ডাটা-বেইজ ও সফটওয়্যার তৈরির কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং খুব শীঘ্রই স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে।	প্রকল্প পরিচালক
২.৫	**প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প** সভায় জানানো হয় যে, "প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা-২য়" শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনরায় পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি পিইসি সভা অনুষ্ঠানের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। সভাপতি প্রকল্পটি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যহত রাখার নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পটি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
২.৬	**ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প** সভায় জানানো হয় যে, ইতোমধ্যে প্রকল্পের আর্থিক অগ্রগতির পরিমাণ ৮১%। প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়নের জন্য ইতোমধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং মূল্যায়নের জন্য একটি খসড়া প্রশ্নপত্র তৈরির কাজ চলমান আছে। সভায় আরও উল্লেখ করা হয় যে, প্রকল্পের আওতায় চলতি অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী জুন মাসে পুরোহিত ও সেবাইতদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের উপস্থিতি প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণে সহায়ক ভূমিকা রাখবে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়।	প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়নের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং পুরোহিত ও সেবাইতদের প্রশিক্ষণ প্রদান কার্যক্রমে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সার্বিক উপস্থিতি নিশ্চিত করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং প্রকল্প পরিচালক
২.৭	**প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প** সভায় জানানো হয় যে, মন্ত্রণালয় হতে গঠিত জমি পরিদর্শন সংক্রান্ত উপকমিটিসমূহ ৬৪টি জেলা পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। উক্ত	একটি সভা আহবান করে ২৬০টি জমি/স্থান চূড়ান্তভাবে নির্বাচনপূর্বক প্রশাসনিক আদেশ জারি করতে হবে এবং উক্ত ২৬০ টি স্থানে	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর এবং

	পরিদর্শন প্রতিবেদনের আলোকে ৫৬০টি স্থানের মধ্যে ২৬০ টি জমি/ স্থান নির্বাচন করা হয়েছে। সভায় আরও উল্লেখ করা হয় যে, মন্ত্রণালয়ে একটি সভা আহবানের মাধ্যমে ২৬০টি জমি/স্থান চূড়ান্তভাবে নির্বাচনপূর্বক প্রশাসনিক আদেশ জারি করা যেতে পারে এবং উক্ত ২৬০ টি স্থানে প্রকল্পের সাইনবোর্ড স্থাপনসহ অন্যান্য কার্যক্রম যেমন সয়েল টেস্ট, ডিজিটাল ম্যাপিং, দরপত্র আহবান ইত্যাদি সম্পন্ন করা যেতে পারে।	প্রকল্পের সাইনবোর্ড স্থাপনসহ অন্যান্য কার্যক্রম যেমন সয়েল টেস্ট, ডিজিটাল ম্যাপিং, দরপত্র আহবান ইত্যাদি সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরি
২.৮	<u>গোপালগঞ্জ ইসলামিক ফাউন্ডেশন কমপ্লেক্স নির্মাণ প্রকল্প</u> সভায় প্রকল্পের অগ্রগতির বিষয়ে জানতে চাওয়া হলে প্রকল্প পরিচালক জানান যে, "গোপালগঞ্জ ইসলামিক ফাউন্ডেশন কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পের নির্মাণ কাজ শুরুর লক্ষ্যে ইতোমধ্যে সয়েল টেস্ট করা হয়েছে এবং শীঘ্রই টেন্ডার আহবান করা হবে।	প্রকল্পের নির্মাণ কার্যক্রম শুরুর লক্ষ্যে দরপত্র আহবান ও কার্যাদেশ প্রদান চলতি অর্থবছরে সম্পন্ন করতে হবে।	প্রকল্প পরিচালক
২.৯	<u>মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ-২য় পর্যায় প্রকল্প</u> সভায় জানানো হয় যে, "মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ-২য় পর্যায়" শীর্ষক প্রকল্পের আওতায় চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থের মধ্যে ইতোমধ্যে ৩১৭.২৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং অবশিষ্ট অর্থ চলতি অর্থবছর সমাপ্ত হওয়ার পূর্বেই ব্যয় করা সম্ভব হবে। এছাড়া সভায় আরও উল্লেখ করা হয় যে, আলমারি ও পুস্তক ক্রয়ের ক্ষেত্রে যথাযথ মান বজায় রাখা হচ্ছে।	মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ-২য় পর্যায় প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ, অর্থবছর সমাপ্ত হওয়ার পূর্বেই ব্যয় করতে হবে।	প্রকল্প পরিচালক
২.১০	<u>সিরতা ,ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্প</u> প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে "সিরতা , ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের নির্মাণ কাজ শুরুর লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তর মাদারীপুর এবং ময়মনসিংহ সাথে যোগাযোগ অব্যাহত আছে। তিনি আরও জানান যে, ময়মনসিংহ মিশন হাসপাতাল কমপ্লেক্স নির্মাণের জন্য ইতোমধ্যে টেন্ডার আহবান করা হয়েছে এবং মাদারীপুরে টেন্ডার আহবানের কাজ চলমান আছে।	সিরতা ,ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্পের নির্মাণ কার্যক্রম শুরুর লক্ষ্যে দরপত্র আহবান ও কার্যাদেশ প্রদান চলতি অর্থবছরে সম্পন্ন করতে হবে।	প্রকল্প পরিচালক
২.১১	<u>মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় প্রকল্প</u> সভায় জানানো হয় যে, "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়" শীর্ষক প্রকল্পের প্রেষণে ও সরাসরি জনবল নিয়োগের কাজ চলমান আছে। নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন শেষে প্রতিটি জেলায় শিক্ষাকেন্দ্রে শিক্ষকদের বেতন প্রদান করা হলে প্রকল্পে দৃশ্যমান আর্থিক অগ্রগতি সাধিত হবে। সভায়, প্রকল্পের আর্থিক অগ্রগতির বিষয় বিবেচনায় নিয়ে প্রয়োজনে বিশেষ ব্যবস্থাপনায় প্রকল্পের আওতায় শিক্ষকদের বেতন প্রদানের বিষয়টি বিবেচনা করার জন্য বলা হয়।	মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় প্রকল্পের প্রেষণে ও সরাসরি জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং বিশেষ ব্যবস্থাপনায় প্রকল্পের আওতায় শিক্ষকদের বেতন প্রদানের বিষয়টি চলতি অর্থ-বছরে সম্পন্ন করতে হবে।	প্রকল্প পরিচালক

২.১২	বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে ২০ তলা ভিত বিশিষ্ট ২ টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াকফ ভবনের উর্ধ্বমুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ প্রকল্প সভায় জানানো হয় যে, ১৯/০৫/২০১৮ খ্রিঃ তারিখে প্রকল্পের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং প্রকল্পের সাইট বুঝিয়ে দেয়া হয়েছে। সভায় প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়।	আলোচ্য প্রকল্পের নির্মাণ কাজ শীঘ্রই শুরু করতে হবে।	ওয়াক্ফ প্রশাসক
২.১৩	কুমিল্লা ও ময়মনসিংহ ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় কমপ্লেক্স স্থাপন প্রকল্প "কুমিল্লা ও ময়মনসিংহ ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় কমপ্লেক্স স্থাপন" শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণীর আলোকে খুব শীঘ্রই ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে সভায় উল্লেখ করা হয়।	প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণীর আলোকে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
২.১৪	জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্প সভায় জানানো হয় যে, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম জমিয়াতুল ফালাহ মসজিদ কমপ্লেক্স সংশ্লিষ্ট অংশীজন এবং চট্টগ্রামস্থ গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে এর উন্নয়নের নিমিত্ত পরিকল্পনা গ্রহণের জন্য মতবিনিময় সভা করতে পরিচালক,চট্টগ্রাম জমিয়াতুল ফালাহ মসজিদ কমপ্লেক্স সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ করছেন।	জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের আওতায় উন্নয়নের পরিকল্পনা গ্রহণের জন্য সভা আহবানের নিমিত্ত যথাশীঘ্রই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
২.১৫	চট্টগ্রাম হজ অফিস পুণর্নিমাণ এবং হজ প্রশিক্ষণ একাডেমী স্থাপন প্রকল্প সভায় জানানো হয় যে, চট্টগ্রাম হজ অফিস পুনর্নিমাণ এবং হজ প্রশিক্ষণ একাডেমী স্থাপনের লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক খসড়া মাস্টারপ্ল্যান চূড়ান্তকরণের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৩/০৫/২০১৮ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভার কার্যবিবরণীর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	চট্টগ্রাম হজ অফিস পুনর্নিমাণ এবং হজ প্রশিক্ষণ একাডেমী স্থাপনের লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক খসড়া মাস্টারপ্ল্যান জরুরিভিত্তিতে চূড়ান্ত করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,স্থাপত্য অধিদপ্তর, ও পরিচালক, হজ অফিস
২.১৬	৫টি ইসলামিক মিশন কেন্দ্র স্থাপন,৩ পার্বত্য জেলায় ১২টি মিশন সাব-সেন্টার (বরিশাল, বি-বাড়ীয়া, রাজবাড়ী, কুষ্টিয়া, এবং হবিগঞ্জ) প্রতিষ্ঠা এবং ১০টি মিশনের বিদ্যমান ভবনের সংস্কার ও মেরামতকরণ প্রকল্প সভায় জানানো হয় যে, প্রকল্পের স্থাপত্য নকশা প্রণয়নের জন্য সংশোধিত চাহিদামালা গত ১১/০৪/১৮ খ্রি: তারিখে স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। স্থাপত্য অধিদপ্তর থেকে উক্ত স্থাপত্য নকশা পাওয়ার পর পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।	৫টি ইসলামিক মিশন কেন্দ্র স্থাপন,৩ পার্বত্য জেলায় ১২টি মিশন সাব-সেন্টার (বরিশাল, বি-বাড়ীয়া, রাজবাড়ী, কুষ্টিয়া, এবং হবিগঞ্জ) প্রতিষ্ঠা এবং ১০টি মিশনের বিদ্যমান ভবনের সংস্কার ও মেরামতকরণ প্রকল্পের ডিপিপি প্রণয়নের প্রয়োজনীয় কার্যক্রম চলমান রখতে হবে।	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
২.১৭	আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্প সভায় জানানো হয় যে, আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্পের নকশা সংক্রান্ত বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১০/০৫/২০১৮ খ্রি: তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভার কার্যবিবরণীর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্পের নকশা সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন

কর্মসূচি:			
২.১৮	**শ্রী শ্রী ঢাকেশ্বরী জাতীয় মন্দির ও শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দির, ঢাকা-এর সংস্কার, মেরামত ও উন্নয়ন কর্মসূচি** সভায় জানানো হয় যে, আলোচ্য কর্মসূচির উপর গত ০৬/০৫/২০১৮ খ্রিঃ তারিখে স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, কর্মসূচির প্রথম-চতুর্থ কিস্তির অর্থ ছাড়করণের কার্যক্রম চলমান আছে।	কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।	সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
২.১৯	**চট্টগ্রামসহ চারটি জেলার বিদ্যমান ১৪৯টি হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানের সংস্কার, মেরামত ও উন্নয়ন কর্মসূচি** সভায় জানানো হয় যে, আলোচ্য কর্মসূচির উপর গত ০৬/০৫/২০১৮ খ্রিঃ তারিখে স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া কর্মসূচির প্রথম-চতুর্থ কিস্তির অর্থ ছাড়করণের কার্যক্রম চলমান আছে।	কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।	সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
২.২০	**হবিগঞ্জ জেলার বিদ্যমান ৪৮টি হিন্দুধর্মীয় প্রতিষ্ঠানের সংস্কার, মেরামত ও উন্নয়ন কর্মসূচি** সভায় জানানো হয় যে, আলোচ্য কর্মসূচর উপর গত ০৬/০৫/২০১৮ খ্রিঃ তারিখে স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া কর্মসূচির প্রথম-চতুর্থ কিস্তির অর্থ ছাড়করণের কার্যক্রম চলমান আছে।	কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।	সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
২.২১	**বাংলাদেশ সচিবালয়স্থ কেন্দ্রীয় জামে মসজিদের সংস্কার ও আধুনিকায়ন করার নিমিত্ত নীচ ও ২য় তলার পূর্ত কাজ সম্পাদনের সাথে সংগতি রেখে আনুষঙ্গিক বৈদ্যুতিক ও যান্ত্রিক সংস্কার ও নবায়নকরণ কর্মসূচি** সভায়, বাংলাদেশ সচিবালয়স্থ কেন্দ্রীয় জামে মসজিদের সংস্কার ও আধুনিকায়ন করার লক্ষ্যে একটি কর্মসূচি প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর আলোকপাত করা হয়।	আলোচ্য বিষয়ের ওপর একটি কর্মসূচি প্রণয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
২.২২	**বাংলাদেশ সচিবালয়স্থ কেন্দ্রীয় জামে মসজিদের টয়লেট, টাইলস, থাই এ্যালুমিনিয়াম, কার্পেট সরবরাহ, আরসিসি প্যানেলিং, পেইন্টিং ইত্যাদি সংস্কার ও নবায়নকরণ কর্মসূচি** সভায়, বাংলাদেশ সচিবালয়স্থ কেন্দ্রীয় জামে মসজিদের টয়লেট, টাইলস, থাই এ্যালুমিনিয়াম, কার্পেট সরবরাহ, আরসিসি প্যানেলিং, পেইন্টিং ইত্যাদি সংস্কার ও নবায়ন করার লক্ষ্যে একটি কর্মসূচি প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর আলোকপাত করা হয়।	আলোচ্য বিষয়ের ওপর একটি কর্মসূচি প্রণয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/- ০৬/০৬/২০১৮ খ্রিঃ
মো: আনিছুর রহমান
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

নম্বর-১৬.০০.০০০০.০০৮.০৮.১০৮.১৭- ১৭২ তারিখ: ০৭/০৬/২০১৮ খ্রি.

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ অতিরিক্ত সচিব, বাজেট-৭]।
০৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা। [দৃ: আ: তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২]।
০৪। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। ওয়াকফ্ প্রশাসক, ওয়াকফ্ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ স্কাটন, ঢাকা।
০৭। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
০৮। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
০৯। যুগ্ম-সচিব(প্রশাসন/হজ্জ/সংস্থা/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মহাপরিচালক, ৭ নম্বর সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১২। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর,ঢাকা।
১৩। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৪। উপ-সচিব (প্রশাসন/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক,মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প (১ম সংশোধিত), ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, "প্রতি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন" প্রকল্প।
১৯। প্রকল্প পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় প্রকল্প, ১/আই পরিবাগ, ঢাকা।
২০। প্রকল্প পরিচালক, ''মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প (২য় পর্যায়)'' শীর্ষক প্রকল্প,
২১। প্রকল্প পরিচালক, ''ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ''শীর্ষক প্রকল্প, ঢাকা।
২২। প্রকল্প প্ররিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
২৩। প্রকল্প পরিচালক, ''ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ'' শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম, ঢাকা।
২৪। প্রকল্প পরিচালক, গোপালগঞ্জ ইসলামিক ফাউন্ডেশন কমপ্লেক্স স্থাপন প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
২৫। প্রকল্প পরিচালক, ''সিরতা, ময়মনসিংহ ও কালকিনি, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়াগনস্টিক সেন্টার শক্তিশালীকরণ'' প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
২৬। সচিব, হিন্দু /বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২৭। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন,আগারগাঁও, ঢাকা।
২৮। পরিচালক, জমিয়াতুল ফালাহ মসজিদ কমপ্লেক্স, চট্টগ্রাম।
২৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
৩০। সিনিয়র সহকারী প্রধান-১, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩১। সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩২। সচিব মহোদয়ের একান্ত সচিব,ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৩। সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪। সিস্টেম এনালিস্ট,আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল]।
৩৫। অফিস কপি/মাস্টার কপি।

০৭/০৬/১৮

ভূঁঞা মোহাম্মদ রেজাউর রহমান ছিদ্দিকি
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫৭৭২৩৮
E-mail: planning_sec2@mora.gov.bd